

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪০৩

আগরতলা, ২ সেপ্টেম্বর, ২০২০

পূর্ণরাজ্য দিবসে নতুন পুরস্কার

রাজ্যে উন্নয়নমূলক কাজে উল্লেখযোগ্য সাফল্যের জন্য রাজ্য সরকার পূর্ণরাজ্য দিবসে কয়েকটি নতুন পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। সম্প্রতি রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই পুরস্কার প্রদানের বিষয়টি অনুমোদন পেয়েছে। বিশেষকরে যুব সম্প্রদায়কে উৎসাহ দিতে এই পুরস্কার দেওয়া হবে। পুরস্কার হিসেবে মানপত্র ও স্মারক সহ ২০,০০০ টাকা দেওয়া হবে। ১০টি বিভাগে এই পুরস্কার দেওয়া হবে।

যেসব ক্ষেত্রে পুরস্কার দেওয়া হবে সেগুলি হচ্ছে (১) সু-নাগরিক পুরস্কার (গুড সিটিজেন এওয়ার্ড) : পথ দুর্ঘটনার মত আপতকালীন পরিস্থিতিতে বিপদগ্রস্ত নাগরিকদের সময়মত হাসপাতালে নিয়ে যাওয়া সহ এধরনের মানবিক কাজে উৎসাহ দিতে এই পুরস্কার দেওয়া হবে, (২) বেস্ট স্টার্ট-আপ এন্ট্রাপ্রেনিউর এওয়ার্ড : মেক ইন ইন্ডিয়া নীতিতে বিশ্বাসী হয়ে যুবক-যুবতীরা যাতে আরও বেশি করে নতুন উদ্যোগ গ্রহণ করে সেজন্য উৎসাহ দিতে এই পুরস্কার দেওয়া হবে, (৩) বেস্ট এন্ট্রাপ্রেনিউর এওয়ার্ড : উদ্যোগীদের মধ্যে উদ্ভাবনী শক্তিকে জাগিয়ে তুলতে এই পুরস্কার দেওয়া হবে। এই বিভাগে কৃষি/উদ্যান চাষ, মৎস্য চাষ, প্রাণী পালন, গ্রামীণ শিল্প (যেমন হস্ততাঁত ও হস্তশিল্প, মৌমাছি পালন ইত্যাদি) ও শিল্পদ্যোগের মতো ক্ষেত্রে পৃথক পৃথক পুরস্কার দেওয়া হবে। (৪) বেস্ট মোবাইল অ্যাপ এওয়ার্ড : যুব সম্প্রদায়কে তথ্য প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনের মাধ্যমে ডিজিটাল প্ল্যাটফর্মে আরও বেশি আগ্রহী করে তুলতে এই পুরস্কার দেওয়া হবে। (৫) শ্রেষ্ঠ সমবায় সমিতি পুরস্কার : সমবায় সমিতিগুলি যেন গ্রামীণ এলাকার মানুষের জীবনের মানোন্নয়নের কাজে উৎসাহ দিতে এই পুরস্কার দেওয়া হবে। (৬) বেস্ট একাডেমিসিয়ান এওয়ার্ড : সরকারি ক্ষেত্রের বাইরেও বহু লোক তাদের লেখার মাধ্যমে সমাজে মূল্যবোধ তৈরী করছে। তাদের উৎসাহ দিতে এই পুরস্কার দেওয়া হবে। ২০২১ সালের পূর্ণরাজ্য দিবস থেকেই রাজ্য সরকারের এই পুরস্কার দেওয়া হবে।

\*\*\*\*\*